



92

আজ জাকস

নির্বাচন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)
৩ দীর্ঘ আট বছর পর আজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকস) ও ৬টি হল সংসদের নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে।
জাকসতে ভিপি ও জিএসসহ ১৬টি পদে প্রার্থী সংখ্যা ১৪৯ জন। ভিপি পদে ৫ জন ও জিএস পদে ৪ জন প্রতিদ্বন্দ্বিতা করছেন। ৬টি হল সংসদের ৭৮টি (৫-এর পঃ দঃ)

নির্বাচন

(প্রথম পঃ পর)

পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন ৩১৬ জন প্রার্থী।
নির্বাচনে ২২শ ৫ জন ছাত্র ছাত্রী ভোট দেবেন। সকল হলের কেন্দ্রে হলের ভোট গণনা করা হবে। সকল ৯টা থেকে শুরু হয়ে ডেট গণনা বিকাল ৩টা পর্যন্ত চলবে।
আজ বিকাল ৫টা থেকে কলা ভবনে জাকস ও হল সংসদ নির্বাচনের ভোট গণনা শুরু হবে। গণনা শেষে নির্বাচন কমিশনার আনুষ্ঠানিকভাবে নির্বাচনের ফল ঘোষণা করবেন।
বিশ্ববিদ্যালয় কত পক্ষ নির্বাচন উপলক্ষে কঠোর নিরাপত্তা মূলক ব্যবস্থা নিয়েছেন। ক্যাম্পাসের বিশেষ কয়েকটি পয়েন্টে এক হাজার পুলিশ মোতায়েন করা হয়েছে। শনিবার থেকে ছাত্রাবাসে বাহিরাগতদের অবস্থান এবং আজ ক্যাম্পাসে রিকসা ছাড়া সকল যানবাহন প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে।
এবারের জাকস নির্বাচনে চারটি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে। এর মধ্যে রয়েছে প্রধান প্রতিদ্বন্দ্বিতা ৪টি সংগঠনের জোট ছাত্রসংগঠন পরিষদ মনোনীত এনা মূল আজিজুল প্যানেল এবং জাতীয়তাবাদী ছাত্রদল মনোনীত মামুন আশরাফ প্যানেল। অন্য প্যানেল দুটি হচ্ছে ইসলামী ছাত্র শিবির (শা-আ) মনোনীত মমতাজ-আলম পরিষদ এবং জাতীয় ছাত্রদল মনোনীত বিকাশ-কামরুল পরিষদ।
উল্লেখ্য, এটি হবে জাকসের ষষ্ঠ নির্বাচন। সর্বশেষ জাকস নির্বাচন ১৯৮১ সনে অনুষ্ঠিত হয়েছিল।
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর কাজী সালেহ আহমেদ বলেছেন, আজকের জাকস নির্বাচন শান্ত ও নিরপেক্ষভাবে সম্পন্ন করা হবে। এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান।
নির্বাচন কমিশনার জানান, ভোট গণনা শেষে মাইকযোগে নির্বাচনের ফলাফল ঘোষণা করা হবে।